



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ জুলাই ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৫ জুলাই ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ প্রশিক্ষণ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানগণকে জাতীয় শুদ্ধাচার বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করেন বিআরটিএ বরিশাল বিভাগের পরিচালক (ইঞ্জিনিয়ারিং) মোঃ জিয়াউর রহমান। এছাড়াও কর্মশালায় কোর্স পরিচালক ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ বাহাউদ্দিন গোলাপ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস